

আপনার কর্তব্যগুলি কী?

আপনার কেয়ারে থাকা শিশুদের পরিবেশন করা আহারের সংখ্যা এবং আপনার পরিবেশন করা খাবারের মেনুগুলির রেকর্ড আপনাকে অবশ্যই সংরক্ষণ করতে হবে। আপনার CACFP স্পনসর আপনাকে এটি কিভাবে করতে হয় তা শিখতে সাহায্য করবে।

আমাকে কখন আবেদন করতে হবে?

আপনার অফিস অফ চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services, OCFS) থেকে আপনার একটি বৈধ রেজিস্ট্রেশন বা লাইসেন্স সার্টিফিকেট থাকলে বা পাওয়ার প্রক্রিয়ার মধ্যে থাকলে আপনি আবেদন করতে পারেন। আইনগতভাবে অব্যাহতিপ্রাপ্ত প্রদানকারীরা আবেদন করতে পারেন যখন তাদের তালিকাভুক্তির বিজ্ঞপ্তি (Notice of Enrollment) থাকে।

আমি কিভাবে শুরু করব?

আপনার নিকটস্থ ডে কেয়ার হোম প্রদানকারীদের CACFP স্পনসর খুঁজে পেতে কল করুন। তারা আপনাকে বিনামূল্যে কার্যক্রমটি পেতে সাহায্য করবে।

একজন CACFP স্পনসর খুঁজতে আমি কোথায় কল করব?

গ্রোইয়িং আপ হেলদি হটলাইন -কে 1-800-522-5006 নম্বরে কল করুন।



এছাড়াও আপনি যোগাযোগ করতে পারেন
New York State Department of Health CACFP:

CACFP

Child and Adult Care Food Program
New York State Department of Health

150 Broadway, Room 600
Albany, NY 12204
1-800-942-3858
(শুধুমাত্র নিউ ইয়র্কে)
(518) 402-7251
ফ্যাক্স (518) 402-7252
cacfp@health.ny.gov
health.ny.gov/CACFP

এই প্রতিষ্ঠানটি একটি সমান সুযোগ প্রদানকারী।

আমাদের ফলো করুন:
health.ny.gov
facebook.com/NYSDOH
twitter.com/HealthNYGov
youtube.com/NYSDOH



ডে কেয়ার হোমে ভাল পুষ্টি প্রদান করে



আপনার ডে কেয়ার হোমটি এমন একটি খাদ্য কার্যক্রমে যোগদানের জন্য যোগ্য হতে পারে যা শিশুদের জন্য আপনার পরিবেশিত আহার ও নাস্তার জন্য অর্থ প্রদান করে সহায়তা করে।

CACFP

Child and Adult Care Food Program
New York State Department of Health



Child And Adult Care Food Program (শিশু ও প্রাপ্তবয়স্কদের পরিচর্যাভিত্তিক খাদ্য কার্যক্রম, CACFP)

আপনি কি আপনার বাড়িতে শিশুদের পরিচর্যা করেন যখন তাদের পিতামাতারা কাজে বা স্কুলে থাকে? আপনি কি আপনার ডে কেয়ার হোমে শিশুদের স্বাস্থ্যকর খাবার পরিবেশনে সাহায্য চান?

New York State Department of Health এর CACFP এর অংশ হোন!

এই খাদ্য কার্যক্রম আপনাকে আপনার কেয়ারে নথিভুক্ত 13 বছর বয়স পর্যন্ত শিশুদের পরিবেশিত আহার ও নাস্তার জন্য অর্থ প্রদান করে সহায়তা করে। বেশিরভাগ ডে কেয়ার হোম প্রদানকারীরাই যোগ্য - এবং কার্যক্রমটিতে যোগদান বিনামূল্যে।



CACFP এর সুবিধাগুলি কী?

- শিশুদের পুষ্টিকর আহার ও নাস্তা পরিবেশন করা হয় এবং স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলে যা সারাজীবন স্থায়ী হয়।
- পিতামাতারা জানেন যে তাদের সন্তানরা নিরাপদ, স্বাস্থ্যকর আহার ও নাস্তা খাচ্ছে। পিতামাতাদের চাইল্ড কেয়ারে খাবার প্যাক করে আনতে হবে না।
- প্রদানকারীরা অনেক পুষ্টি, আহারের সময় এবং শিশু বিকাশের বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ ও নির্দেশিকা পান। ব্যয়পূরণ প্রদানকারীদের স্বাস্থ্যকর খাবার কিনতে সাহায্য করে।
- CACFP এর মাধ্যমে কমিউনিটিগুলি উপকৃত হয়। অধ্যয়নগুলি দেখায় যে CACFP-তে নথিভুক্ত শিশুরা স্বাস্থ্যকর খাদ্য গ্রহণ করে এবং অন্যান্য শিশুদের মতো প্রায়ই অসুস্থ হয় না। প্রদানকারীদেরকে করা CACFP পেমেন্টগুলি কর্মরত পরিবারগুলির জন্য চাইল্ড কেয়ারের খরচ কমাতে সাহায্য করে।

আমি কী পরিমাণ অর্থ পেতে পারি?

আপনার মাসিক খাবারের চেক পরিবেশিত আহার ও নাস্তা এবং শিশুদের খাওয়ার সংখ্যার উপর ভিত্তি করে হয়। যেসকল ডে কেয়ার হোম প্রদানকারী নিম্ন আয়ের পরিবারগুলিকে পরিষেবা প্রদান করে তারা উচ্চতর ব্যয়পূরণ পায়।

আহারের প্রয়োজনীয়তাগুলি কী?

আহারের প্রয়োজনীয়তাগুলি সহজ, এবং জাতিগত ও সাংস্কৃতিক পছন্দ সহ বিভিন্ন ধরনের খাবারের অনুমতি দেয়।

সকালের নাস্তায় দুধ, ফল বা সবজি এবং রুটি বা শস্য থাকে। আপনি সপ্তাহে তিনবার পর্যন্ত শস্য বা রুটির পরিবর্তে মাংস বা মাংসের বিকল্প পরিবেশন করতে পারেন।

দুপুরের খাবার এবং **রাতের খাবারের** জন্য দুধ, রুটি বা শস্য, মাংস বা মাংসের বিকল্প (যেমন মাছ, পনির বা মটরশুটি) এবং দুটি সবজি, অথবা একটি সবজি ও একটি ফল প্রয়োজন।

নাস্তায় নিম্নলিখিতগুলির মধ্যে অন্তত দুটি থাকে: দুধ, মাংস বা মাংসের বিকল্প, রুটি বা শস্য, অথবা সবজি বা ফল।

কারা অর্থ পেতে পারে?

- রেজিস্টার্ড ফ্যামিলি ডে কেয়ার প্রদানকারীরা
- লাইসেন্সপ্রাপ্ত গ্রুপ ফ্যামিলি ডে কেয়ার প্রদানকারীরা
- আইনগতভাবে অব্যাহতি প্রাপ্ত, বা অনানুষ্ঠানিক, প্রদানকারীরা যারা কোনো কাউন্টি বা সিটি এজেন্সি থেকে চাইল্ড কেয়ার পেমেন্ট গ্রহণ করে

